আল্লাহ তা‘আলা বলেন, “আত্মসম্মান আমার লুঙ্গি এবং অহঙ্কার আমার চাদর। সুতরাং যে আমার সাথে তার কোনো একটি নিয়ে টানাটানি করবে আমি তাকে শাস্তি দিব।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, (আল্লাহ তা‘আলা বলেন,) “আত্মসম্মান আমার লুঙ্গি এবং অহঙ্কার আমার চাদর। সুতরাং যে ব্যক্তি আমার সাথে তার কোনো একটি নিয়ে টানাটানি করবে, আমি তাকে শাস্তি দিব।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

আত্মসম্মান ও অহঙ্কার আল্লাহর দু’টি বিশেষ গুণ, তাতে অন্য কেউ তার অংশীদার নয়। যেমনিভাবে একজন মানুষ তার চাদর ও লুঙ্গীতে, যা তার পরিধান করার বস্ত্র, অন্য কাউকে শরীক করে না। আল্লাহ তা‘আলা এ দু’টি গুণকে নিজের জন্য অবধারিত করেছেন এবং তার বিশেষ বৈশিষ্ট্য বলে ঘোষণা করেছেন, যা অন্য কারো অংশীদারিত্ব গ্রহণ করে না, অতএব যে আত্মসম্মানের গর্ব ও অহঙ্কার ও বড়ত্বের দাবি করল সে আল্লাহর সাথে তার রাজত্ব নিয়ে টানাটানি করল। আর যে আল্লাহর সাথে টানাটানি করল, আল্লাহ তাকে অবশ্যই আযাব দিবেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/6107